আইন-আদালত | পরীমনি

পরীমনির নিরাপত্তাকর্মীদের ধাক্কাধাক্কিতে সাংবাদিকসহ কয়েকজন আহত



পরীমনির নিরাপত্তাকর্মীদের ধাক্কাধাক্কিতে সাংবাদিকসহ কয়েকজন আহত

নিজস্ব প্রতিবেদক
প্রকাশিত: ৫ নভেম্বর ২০২৬ | ১:১৯ পিএম

Add Jagonews24 on ফটোকার্ড শেয়ার

মারধর, ভাঙচুর ও ভয়ভীতি প্রদর্শনের মামলায় জামিন পাওয়ার পর চিত্রনায়িকা পরীমনির নিরাপত্তাকর্মীদের সঙ্গে ধাক্কাধাক্কির ঘটনা ঘটেছে। এতে সংবাদ সংগ্রহ করতে গিয়ে সাংবাদিক ও সাধারণ বিচারপ্রার্থীসহ বেশ কয়েকজন আহত হয়েছেন।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) ঢাকার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গণে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও ভুক্তভোগী সূত্রে জানা গেছে, এদিন সকালে প্রায় ১০ জন ব্যক্তিগত নিরাপত্তাকর্মী নিয়ে আদালত প্রাঙ্গণে আসেন পরীমনি। শুনানি শেষে তিনি জামিন পাওয়ার পর তার নিরাপত্তাকর্মীরা গণমাধ্যমকর্মী ও সাধারণ মানুষের সঙ্গে খারাপ আচরণ শুরু করেন।

নিরাপত্তাকর্মীদের ধাক্কাধাক্কি ও মারধরের শিকার হয়ে সংবাদ সংগ্রহ করতে যাওয়া 'জাগো নিউজ'-এর নিজস্ব প্রতিবেদক আশিকুজ্জামান এবং মাল্টিমিডিয়া রিপোর্টার আব্দুল্লাহ আল কাউছার আহত হয়েছেন। আশিকুজ্জামানের পিঠে এবং কাউছারের কাঁধ ও হাতে আঘাত লাগে। এ সময় আশিকুজ্জামানের মোবাইল ফোনও কেড়ে নেওয়া হয় বলে অভিযোগ উঠেছে। আহত আশিকুজ্জামান বর্তমানে আদালতের পাশে ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নেন।

এছাড়া 'সমকাল'-এর প্রতিবেদক রবিউল হোসেন অভিযোগ করেছেন, স্বয়ং পরীমনি তার মোবাইল ফোন কেড়ে নিয়েছেন। অন্যদিকে 'আগামীর সময়'-এর প্রতিবেদক সিয়াম হোসেনের অভিযোগ, পরীমনি তার হাতে খামচি দিয়েছেন।

সাংবাদিকদের পাশাপাশি নিরাপত্তাকর্মীদের হামলায় সাধারণ বিচারপ্রার্থীরাও আহত হয়েছেন। আদালত প্রাঙ্গণে এক বিচারপ্রার্থীকে মাথায় রক্তাক্ত অবস্থায় ব্যান্ডেজ বাঁধতে দেখা যায়। তবে তাৎক্ষণিকভাবে ঘটনার বিস্তারিত না জানিয়ে তার বড় ভাই বলেন, 'আগে চিকিৎসা করিয়ে পরে জানাব।'

এদিকে ঘটনার সময় আদালত প্রাঙ্গণে উপস্থিত পুলিশ সদস্যদের নীরব ভূমিকা পালন করতে দেখা গেছে বলে ক্ষোভ প্রকাশ করেছেন প্রত্যক্ষদর্শী গণমাধ্যমকর্মীরা।

গতকাল বুধবার (৪ নভেম্বর) মামলায় আদালতে হাজির না হওয়ায় পরীমনির জামিন বাতিল করে গ্রেফতারি পরোয়ানা জারি করেছিলেন আদালত। পরদিন সকালে আদালতে হাজির হয়ে আত্মসমর্পণ পূর্বক পুনরায় জামিনের আবেদন করলে শুনানি শেষে তার জামিন মঞ্জুর করা হয়। জামিন পেয়ে আদালত থেকে বের হওয়ার পরপরই এই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হয়।

এমডিএএ/জেএইচ

ফলো করুন গুগল নিউজ হোয়াটসঅ্যাপ চ্যানেল ফেসবুক ইউটিউব

আদালত জামিন আহত সাংবাদিক

পাঠকপ্রিয় অনলাইন নিউজ পোর্টাল জাগোনিউজ২৪.কমে লিখতে পারেন আপনিও। লেখার বিষয় ফিচার, ভ্রমণ, লাইফস্টাইল, ক্যারিয়ার, তথ্যপ্রযুক্তি, ধর্ম, কৃষি ও প্রকৃতি। আজই আপনার লেখাটি পাঠিয়ে দিন jagofeature@gmail.com ঠিকানায়।

তারেক রহমানকে নিয়ে বক্তব্য প্রত্যাহারে নাহিদকে লিগ্যাল

সর্বশেষ সংবাদ

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি ইসলামী শরী'আহ্ মোতাবেক পরিচালিত

ইসলামী ব্যাংকের অনুমোদিত মূলধন বাড়ছে ৫ গুণ
১ মিনিট আগে


উত্তরায় কাভার্ডভ্যানের ধাক্কায় মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে ২ আরোহী নিহত
১ মিনিট আগে


আগাম দুর্যোগ ব্যবস্থাপনায় তরুণদের নেতৃত্বকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে হবে
৩ মিনিট আগে


১২ হাজার টাকা বেড়ে যে দামে বিক্রি হচ্ছে সোনা
১২ মিনিট আগে


আশুলিয়ায় ১ হাজার ৮৬৩ কারখানার মধ্যে বন্ধ ৭০, পরিস্থিতি নিয়ন্ত্রণে
১৪ মিনিট আগে

নোটিশ

প্রকাশিত: ৫ নভেম্বর ২০২৬ | ১:৫৫ পিএম



চাঁদাবাজি ও লুটপাট করার জন্য তারেক রহমান এসেছেন, দেশ পরিচালনায় তার কোনো পরিকল্পনা নেই’—বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানকে...

বিস্তারিত পড়ুন

পরীমনির নিরাপত্তাকর্মীদের ধাক্কায় মাথা ফাটলো বিচারপ্রার্থীর

প্রকাশিত: ৫ নভেম্বর ২০২৬ | ১:৫২ পিএম



মামলায় জামিন পাওয়ার পর আদালত প্রাঙ্গণ ছাড়ার সময় চিত্রনায়িকা পরীমনির ব্যক্তিগত নিরাপত্তাকর্মীদের সঙ্গে ধাক্কাধাক্কির ঘটনায় এক বিচারপ্রার্থীর মাথা ফেটেছে। এ সময় গণমাধ্যমকর্মীসহ...

বিস্তারিত পড়ুন

আমুসহ ৭ জনের বিরুদ্ধে অভিযোগ আমলে, মির্জা আজমের বিরুদ্ধে পরোয়ানা

প্রকাশিত: ৫ নভেম্বর ২০২৬ | ১:৩৬ পিএম




জুলাই-আগস্টের মানবতাবিরোধী অপরাধের মামলায় আমির হোসেন আমুসহ সাতজনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ আমলে নিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল। মির্জা আজমের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে...

বিস্তারিত পড়ুন

জামিন পেয়েই বিস্ফোরক পরীমনি, রাগে-ক্ষোভে যা বললেন

প্রকাশিত: ৫ নভেম্বর ২০২৬ | ১২:৫৫ পিএম





মারধর, ভাঙচুর ও ভয়ভীতি প্রদর্শনের মামলায় শুনানি শেষে জামিন পেয়েছেন চিত্রনায়িকা পরীমনি। বৃহস্পতিবার (৫ নভেম্বর) ঢাকার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত তার জামিন মঞ্জুর...

বিস্তারিত পড়ুন

অ্যাপ ডাউনলোড করুন

GET IT ON Google Play

Available on the App Store

Jagonews24: বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

জাগোনিউজ২৪ বাংলাদেশের শীর্ষস্থানীয় অনলাইন নিউজ পোর্টাল। রাজনীতি, অর্থনীতি, খেলাধুলা ও বিনোদনসহ দেশ-বিদেশের সর্বশেষ ব্রেকিং নিউজ ও নির্ভরযোগ্য সংবাদের জন্য সাথেই থাকুন জাগোনিউজ২৪-এর।

সম্পাদক: কে. এম. জিয়াউল হক

© ২০২৬ সর্বস্বত্ব সংরক্ষিত | জাগোনিউজ২৪.কম

একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

আজহার কমফোর্ট কমপ্লেক্স (৫ম তলা)
গ-১৩০/এ প্রগতি সরণি, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২

যোগাযোগ | গোপনীয়তা নীতি | আমাদের সম্পর্কে